

উদ্দালক UDDALAK

(সপ্তদশ বর্ষ, প্রথম সংখ্যা : জানুয়ারি-জুন, ২০২৩)

**A Peer-Reviewed International
Multidisciplinary Academic Journal
ISSN : 2320-9275**

প্রধান সম্পাদক

ড. সন্তোষকুমার মন্ডল

যুগ্ম সম্পাদক

ড. অনুপ বিশ্বাস ও ড. সৌরভ দাস

Ahadiqur

Principal

S.B.S.S. Mahavidyalaya, Goaltore
Paschim Medinipur, Pin-721128




দক্ষিণবঙ্গের লৌকিক দেবদেবীর পুকুরকেন্দ্রিক মৌখিক আখ্যান : পরিবেশবাদী দৃষ্টিভঙ্গিতে বিচার-বিশ্লেষণ উত্তম রায়

সূচক শব্দ : লৌকিক দেবদেবী, দেবদেবীর পুকুর, মৌখিক আখ্যান, পরিবেশ,
লোকসংস্কৃতি

লৌকিক দেবদেবীর পুকুরকে কেন্দ্র করে নানা মৌখিক আখ্যান দক্ষিণবঙ্গের লোকসমাজে ঐতিহ্য-পরম্পরায় প্রবাহিত হয়ে চলেছে। লৌকিক দেবদেবীর পুকুরকে লোকায়ত মানুষ নিছক কোনো প্রাকৃতিক পরিসর বলে মনে করে না। লোকায়ত মানুষ এই পুকুরকে ভয় ও ভক্তি সহকারে পূজো করে থাকে। এবং এই সমস্ত পুকুরকে 'দেবদেবীর পুকুর' বলে মনে করে। এই সমস্ত দেবদেবীর পুকুরকে ঘিরে লোকায়ত মানুষ সারা বছর নানা আচার-অনুষ্ঠান পালন করে থাকে। দেবদেবীর থানের পাশে এই পুকুরকে গ্রামীণ মানুষ নিজস্ব সম্পত্তি বলে মনে করে না। এই পুকুরকে তারা দেবদেবীর সম্পত্তি বলে মনে করে। এই পুকুরকে কেউ ব্যক্তিগত কাজে বা মানুষের প্রতিদিনের ব্যবহারিক প্রয়োজনে ব্যবহার করে না। ফলে দেবদেবীর পুকুরের বাস্তুতন্ত্র ও পুকুরে বসবাসকারী নানা প্রজাতির অস্তিত্ব বিপন্ন হয় না। সর্বোপরি এই পুকুরের অবস্থানের জন্য লৌকিক দেবদেবীর থান ও তার চারপাশের পরিবেশের ভারসাম্য বজায় থাকে। লৌকিক দেবদেবীর পুকুরকে কেন্দ্র করে লোকায়ত মানুষ তাদের আজন্ম লালিত পরিবেশ সংরক্ষণের মানসিকতা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রকাশ করে চলে বংশ-পরম্পরায়। লৌকিক দেবদেবীর পুকুরকেন্দ্রিক মৌখিক আখ্যান পরিবেশবাদী দৃষ্টিভঙ্গিতে বিচার-বিশ্লেষণ করতে গেলে প্রথমেই পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব সম্পর্কে জানা জরুরি।

আমরা জানি পরিবেশবাদী সাহিত্যতত্ত্ব বা 'ইকোক্রিটিসিজিম' শব্দটি এসেছে 'ইকো' এবং 'ক্রিটিক' এই দুই শব্দ থেকে। এই দুইটি শব্দ গ্রিক 'Oikos' এবং 'Kritis' শব্দ থেকে এসেছে। এখানে 'Oikos' শব্দটির অর্থ বলা হচ্ছে প্রকৃতি বা 'নেচার'। Edward Hoaglan এই শব্দটির ব্যাখ্যা করে বলেছেন—'আমাদের সুন্দর গৃহ' এখানে পরিবেশকে আমাদের ঘর বা আশ্রয়স্থল হিসেবে বলা হয়েছে। আবার 'Kritis' শব্দটির অর্থ হিসেবে বলা হচ্ছে 'Who Wants the house

৮৮



Aphadikam
Principal
S.B.S.S. Mahavidyalaya, Goaltore
Paschim Medinipur, Pin-721128